



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ
খনিজ সম্পদ উন্নয়ন ব্যুরো (বিএমডি)



খনিজ সম্পদ উন্নয়ন ব্যুরো (বিএমডি)-এর ২০২১-২২ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তি বাস্তবায়নের অংশ হিসাবে সেবা প্রদান প্রতিশ্রুতি বিষয়ে অংশীজনদের (Stakeholder) অংশগ্রহণে অনুষ্ঠিত অবহিতকরণ সভার কার্যবিবরণী
(দ্বিতীয় সভা)


সভাপতি	মোঃ নুরুন্নবী মহাপরিচালক (অতিরিক্ত সচিব)
সভার তারিখ	২৩ ডিসেম্বর ২০২১
সভার সময়	সকাল ১০.৩০ ঘটিকা
স্থান	বিএমডির সভা কক্ষ
উপস্থিতি	পরিশিষ্ট-ক

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। সভাপতি বলেন, করোনার প্রকোপ কিছুটা কমলেও সকলকে স্বাস্থ্যবিধি মেনে চলাফেরা করতে হবে। সভায় ইজারাপ্রত্যাশী ব্যক্তিবর্গ এবং বিএমডির সংশ্লিষ্ট কর্মকর্তারা উপস্থিত ছিলেন।

২.০ সভাপতির অনুমতিক্রমে সেবা প্রদান প্রতিশ্রুতি বিষয়ক ফোকাল পয়েন্ট কর্মকর্তা খনিজ সম্পদ উন্নয়ন ব্যুরোর সেবা প্রদান প্রতিশ্রুতি/সিটিজেন চার্টার বিষয়ে আলোকপাত করেন। তিনি বলেন, খনিজ সম্পদ উন্নয়ন ব্যুরো (বিএমডি)-এর ২০২১-২২ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তি বাস্তবায়নের অংশ হিসাবে সেবা প্রদান প্রতিশ্রুতি বিষয়ে অংশীজনদের (Stakeholder) অংশগ্রহণে সভা আয়োজনের নির্দেশনা রয়েছে। সেবা প্রদান প্রতিশ্রুতি কর্মপরিকল্পনা, ২০২১-২২ অনুযায়ী সেবা প্রদান বিষয়ে স্টেকহোল্ডারগণের সমন্বয়ে ০২ টি অবহিতকরণ সভা আয়োজনের লক্ষ্যমাত্রা রয়েছে। ইতোমধ্যে প্রথম কোয়ার্টারে ০১ টি সভা আয়োজন করা হয়েছে। বিএমডি যে সকল সেবা প্রদান করে থাকে তা মন্ত্রিপরিষদ বিভাগের টেম্পলেট অনুযায়ী সেবা প্রদান প্রতিশ্রুতি প্রণয়ন করা হয়েছে। ফোকাল পয়েন্ট কর্মকর্তা জানান, বিএমডি প্রদত্ত সেবাকে নাগরিক সেবা, প্রাতিষ্ঠানিক সেবা এবং অভ্যন্তরীণ সেবা এই ০৩ ভাগে ভাগ করা হয়েছে। নাগরিক সেবাসমূহ হচ্ছে অনুসন্ধান লাইসেন্স প্রদান, খনি ইজারা প্রদান, কোয়ারি ইজারা প্রদান। এই সেবাসমূহ কিভাবে প্রদান করা হয়, সেবা পেতে কত দিন সময় লাগে, কোন সেবা কোন কর্মকর্তা প্রদান করে তা বিস্তারিতভাবে উল্লেখ রয়েছে।

৩.০ সভাপতি সকল সেবাগ্রহীতার উদ্দেশ্যে জানান, বিএমডির ওয়েবসাইটে হালনাগাদকৃত সিটিজেন চার্টার আপলোড করা আছে এবং সিটিজেন চার্টারের উল্লিখিত সেবাসমূহ অনলাইন জিআরএস সিস্টেমেও (www.grs.gov.bd) অন্তর্ভুক্ত করা আছে। সুতরাং সেবা প্রাপ্তিতে কারো কোন অসন্তুষ্টি বা অভিযোগ থাকলে ম্যানুয়ালি অথবা অনলাইন সিস্টেমে অভিযোগ দায়ের করতে পারে। বিএমডি যেহেতু নাগরিক সেবা প্রদানের সাথে জড়িত সেহেতু নাগরিক সেবাকে আরো অধিকতর সহজ করার জন্য বিএমডি কর্তৃক প্রদত্ত সেবাকে ই-সেবাই রূপান্তরের উদ্যোগ গ্রহণ করা হয়েছে এবং ইতোমধ্যে অনলাইনে ০৫ টি কোয়ারি ইজারা প্রদান করা হয়েছে।

৪.০ সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।



মোঃ নুরুন্নবী
মহাপরিচালক (অতিরিক্ত সচিব)

স্মারক নম্বর: ২৮.০৭.০০০০.০০৪.৩৫.০০১.০২.৫১০

তারিখ: ২৪ অগ্রহায়ণ ১৪২৮

০৯ ডিসেম্বর ২০২১

বিতরণ (জ্যেষ্ঠতার

ক্রমানুসারে নয়) :

- ১) উপসচিব, জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ;
- ২) উপপরিচালক (প্রশাসন/অর্থ ও পরিকল্পনা), খনিজ সম্পদ উন্নয়ন ব্যুরো (বিএমডি);
- ৩) উপপরিচালক (খনি ও খনিজ) (চলতি দায়িত্ব), খনিজ সম্পদ উন্নয়ন ব্যুরো (বিএমডি);
- ৪) সহকারী পরিচালক (ভূতত্ত্ব), খনিজ সম্পদ উন্নয়ন ব্যুরো (বিএমডি);
- ৫) সহকারী পরিচালক (ভূ-রসায়ন), খনিজ সম্পদ উন্নয়ন ব্যুরো (বিএমডি);
- ৬) সেবাগ্রহীতা/ইজারাদ্দার (সকল) জনাব.....;
- ৭) পি.এ টু মহাপরিচালক/পরিচালক, খনিজ সম্পদ উন্নয়ন ব্যুরো (বিএমডি);
- ৮) সংশ্লিষ্ট নথি/অফিস কপি।



মোসাঃ মাহবুবা খাতুন
সহকারী পরিচালক (ভূতত্ত্ব)